6161 ওঁ শ্রী শ্রী কালী I 5920 5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

থানা - সোনারপুর, মৌজা - জগদ্দল,

১,০০,০০০, মঃ- এক লক্ষ টাকা মূল্যের

নিঃস্বত্ব বিক্রয় সাফ, কোবালা :-

জমি - ৫ কাঠা ২ ছটাক ৩৫ বর্গফুট ॥

***** *************************

Admissible under rule 21, duly
Stamped of 614 of L. R. Act
under the India Stamp Act. 1899
Corrected upto 1974 Schedule
I A No ..23..Fees paid A:- 10891
Process fees Rs ....4-50....

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24-Parganas

কোবালা গ্রহীতা :-
*************

১। শ্রীমতী রাধারানী সাহা, স্বামী - ৺ চিত্তরঞ্জন সাহা,

২। — গৌরী সাহা ৩। নিবেদিতা সাহা ৪। নিলীমা সাহা

৫। — অপরাজিতা সাহা, পিতা - ৺ চিত্তরঞ্জন সাহা,

জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী, সাং - ৩৫।এ দেশপ্রাণ -

শাসমল রোড,, থানা - টালিগঞ্জ, কলিকাতা- ৭০০০৩৩ ॥



এর অধিনে উক্ত ৩১৯০ নং দাগে ৬৪ শতক জমি বাঁটা হইয়া ভুবন চন্দ্র -

নস্করের নাম বরাবর ৩১৯০ নং দাগে ৩৪ শতক ও ———

6161 ওঁ শ্রী শ্রী কালী I 5920 5000Rs.




থানা - সোনারপুর, মৌজা - জগদ্দল,

১,০০,০০০ , ম:- এক লক্ষ টাকা মূল্যের

নিঃস্বত্ব বিক্রয় সাফ , কোবালা :-

জমি - ৫ কাঠা ২ ছটাক ৩৫ বর্গফুট ॥

****** ***************************

Admissible under rule 21, duly
Stamped of 614 of L. R. Act
under the India Stamp Act, 1899
Corrected upto 1974 Schedule
I A No ..23..Fees paid A-10891
Process fees Rs .....4-50.....

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24-Parganas

কোবালা গ্রহীতা :-
**************

১। শ্রীমতী রাধারানী সাহা, স্বামী - ৺ চিত্তরঞ্জন সাহা ,

২। — গৌরী সাহা ৩। নিবেদিতা সাহা ৪। নীলিমা সাহা

৫। — অপরাজিতা সাহা, পিতা - ৺ চিত্তরঞ্জন সাহা ,

জাতি - হিন্দু , পেশা - গৃহস্থালী , সাং - ৩৫।এ দেশপ্রাণ -

শাসমল রোড , , থানা - টালিগঞ্জ, কলিকাতা- ৭০০০৩৩ ॥

14006
Sold to Radha Rani Saha
of 35 A, Dr. Sarat Banerjee Rd (Biplab Ganguly?) ... Road
Cal-29


Calcutta Collectorate
Treasury
7/10/95

Rs 10,000/-

Presented for Registration at 12.30 p.m. A.M. / P.M.
on the 16th day of Oct 1995
at the Sonarpur Addl. Dist. Sub-Registry Office
by Sadhan Ratan Sanyal
Executant / Claimant

সাধন রতন সান্যাল

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24-Parganas
16/10/95



7089

Execution by Sadhan Ratan Sanyal S/o Lt. Manoratan Sanyal of Jagaddal P.S. Sonarpur by Caste Hindu by Prof. Retired as constituted attorney for Sajalendu Bhaduri is admitted by him

of ...
Thana Sonarpur
Dist. South 24 Parganas

Execution is admitted by 2. Chapalendu Bhaduri S/o Lt. Salilendu Bhaduri of Dutta Pukur North 24 Parganas
by Caste ...
by profession ...

3. Smt. Ranee Sanyal W/o Lt. Kalyan Ratan Sanyal of Jagaddal P.S. Sonarpur by Caste Hindu by Prof. Service, H/wife,

চপলেন্দু ভাদুড়ী
সজল ভাদুড়ীর পক্ষে
সাধন রতন সান্যাল



7090

চপলেন্দু ভাদুড়ী



7091

রানু সান্যাল

Tapan Bhattacharya S/o Lt. Rebati Kanta Bhattacharya
of Jagaddal
Thana Sonarpur
Dist. South 24 Parganas
by Caste Hindu
by profession Business,

Tapan Bhattacharya
Lalt. Rabati Kanta Bhattacharya
Jagaddal 24 Pgs (S)
Business

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24-Parganas
16/10/95

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु.

R$ 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

( ২ )

কোবালা দাতা :-
**************

১। শ্রী সজলেন্দু ভাদুড়ী , পিতা - ঁ সলিলেন্দু ভাদুড়ী , জাতি - হিন্দু , পেশা - ব্যবসা, সাং - উলুবাড়ী চারালী , গৌহাটী - ৭, আসাম - পক্ষে আমমোক্তার শ্রী সাধন রতন - সান্যাল , পিতা - ঁ মনোরঞ্জন সান্যাল , জাতি - হিন্দু , পেশা - অবসরপ্রাপ্ত , সাং - জগদ্দল , থানা - সোনারপুর , জেলা - দক্ষিন ২৪ পরগনা ॥ ২। শ্রী চপলেন্দু ভাদুড়ী, পিতা - ঁ সলিলেন্দু ভাদুড়ী, সাং -দত্তপুকুর উত্তর ২৪ পরগনা পেশা - চাকুরী, ৩। শ্রীমতী রানু সান্যাল, স্বামী - ঁকল্যান রতন - সান্যাল, পেশা -গৃহস্থালী , সাং -জগদ্দল , থানা -সোনারপুর, জেলা - দক্ষিন ২৪ পরগনা ।

পৃ ....৩

14006
Radha Rani Saha
35 A, Vaishnavghata Road? Cal-33

Calcutta Collectorate
Treasury
Date 2.10.1991

20 ... 1000/-

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24-Parganas.
16/10/95

কম্য আমার মাতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত বহু দিনের খাসে ভোগ দখলীয় হাল ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্বের খেরাজী বাগান জমি জমা মায় দরবস্তু হক, হকুক ও চলাচলের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত চিরতরে নিঃস্বত্ব বিক্রয় সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা এবং এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর পরগনা মেদনমল্ল বর্ত্তমান রাজপুর - সোনারপুর পৌরসভার অন্তর্গত মৌজা - জগদ্দল গ্রামে অবস্থিত নিম্ন তপশীলে বিশেষ রূপে প্রকাশিত ৬০৬ নং খতিয়ান ভুক্ত ৩১৯০ নং দাগে বাগান ৩৪ শতক জমির মধ্যে অত্র দলিল সহিঁয় নকসায় লাল রং পরিবেষ্টিত ৫ পাঁচ কাঠা ২ দুই ছটাক ৩৫ - পঁয়ত্রিশ বর্গফুট জমি অত্র দলিলের বিক্রিত সম্পত্তি হইতেছে ।

উক্ত ৬০৬ নং খতিয়ান ভুক্ত ৬৪ শতক জমি জমাম সাবেক জমিদার ক্ষিরোদ কুমার চক্রবর্ত্তী দিগর অধিনে বার্ষিক ১৬ টাকা জমায় রায়ত স্থিতিবান স্বত্বের প্রজা ভুবন চন্দ্র নস্কর প্রজা হইয়া খাসে ভোগ দখলীকার থাকেন । অতঃপর উক্ত জমিদার ক্ষিরোদ কুমার চক্রবর্ত্তী দিং উক্ত মালিকানা স্বত্ব বিক্রয় করিবার ঘোষনা করিলে মনিমোহন নস্কর নিজ স্বোপার্জিত অর্থের দ্বারা উক্ত ক্ষিরোদ কুমার চক্রবর্ত্তী দিং নিকট হইতে মালিকানা স্বত্ব খরিদ করায় উক্ত ভুবন চন্দ্র নস্কর বার্ষিক ১৬ টাকা খাজনা উক্ত মনিমোহন নস্করকে আদায় দিয়া খাসে ভোগ দখলকার থাকাকালে উক্ত ৬৪ শতক জমির মধ্যে ২৫ শতক জমি তারাপদ বন্দ্যোপাধ্যায়, নিরাপদ বন্দ্যোপাধ্যায় ও অনঙ্গ মোহন বন্দ্যোপাধ্যায়'কে বিক্রয় করা বাদে বক্রী ৩৯ শতক জমিতে উক্ত ভুবন চন্দ্র নস্কর মহাশয় খাসে ভোগ দখলকার থাকাকালে রিভিসনাল সেটেলমেন্ট জরীপের কার্য্য আরম্ভ হয় । উক্ত রিভিসনাল সেটেলমেন্টে জরীপে ৬০৬ নং খতিয়ানে ৬৪ শতক জমির বার্ষিক ১৬ টাকা জমায় মনিমোহন নস্কর-এর অধিনে উক্ত ৩১৯০ নং দাগে ৬৪ শতক জমি বাঁটা হইয়া ভুবন চন্দ্র - নস্করের নাম বরাবর ৩১৯০ নং দাগে ৩৪ শতক ও ——

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24-Parganas.

16/10/95

ও ৩১৯০/৩৫০৭ নং দাগে ০৫ শতক জমি রেকর্ড হইয়াছে এবং ৩১৯০/৩৫০৬ নং দাগে ২৫ শতক জমি উক্ত তারাপদ বন্দ্যোপাধ্যায়, নিরাপদ বন্দ্যোপাধ্যায় ও অনঙ্গ মোহন বন্দ্যোপাধ্যায় নাম বরাবর রেকর্ড হইয়াছে। উক্ত রিভিস্যনাল সেটেলমেন্ট রেকর্ডের পর উক্ত ৩১৯০ নং দাগে ৩৪ শতক জমি জমা হইতে ১৬ ১/২ শতক জমি জমা অম্বিকা প্রসাদ তালুকদারকে বিক্রয় করা বাদে বক্রী ১৭ ১/২ শতক জমিতে ৩১৯০/৩৫০৭ নং দাগে ০৫ শতক জমিতে উক্ত ভুবন চন্দ্র নস্কর নির্বিবাদে খাসে ভোগ দখলীকার থাকাকালে উক্ত রিভিস্যনাল সেটেলমেন্টে - ৩১৯০/৩৫০৭ নং দাগে ০৫ শতক জমি জগদ্দল নিবাসী জটীরাম ওরফে ঝটিরাম - নস্করের নামে অনুমতি দখল রেকর্ড হয়। উক্ত জটীরাম ওরফে ঝটিরাম - নস্করের বিরুদ্ধে বারুইপুর ২য় মুন্সেফী আদালতে ১৯৫৭ সালে ৩২১ নং দেওয়ানী উচ্ছেদের মোকদ্দমা রুজু করিয়া দোতর্ফা বিচারে উক্ত ভুবন চন্দ্র নস্কর ডিক্রি প্রাপ্ত হইয়া ঐ ডিক্রি ঐ আদালতে ১৯৬০ সালে ৯০ নং দেওয়ানী জারি করিয়া আদালতে পদাতিক সাহায্যে গত ইংরাজী ৩.১১.৬০ তারিখে রীতিমত ঢোল সহরত দ্বারা দখল লইয়া উক্ত ০৫ শতক জমিতে নিব্যূঢ় স্বত্বে ভোগ দখল কার থাকাকালে বিগত ইংরাজী ৮.২.৬১ তারিখে বারুইপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং ১৪, পাতা ১০৭ - ১১২ নং এবং ৭৬৫ নং সাফ কোবালা দলিল মূলে ২২ ১/২ শতক জমি অত্র কোবালা দাতা আমাদেরমাতা শ্রীমতী কিরন মাখা ভাদুড়ীকে বিক্রয় করেন। তৎপরে আমাদেরমাতা খাজনাদি আদায়ে খাসে ভোগ দখল কারিনী থাকাকালে পরলোক গমন করিলে আমরা মাতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখলীকার থাকাকালে আমি ১নং দাতা বহুদূরে বসবাস করার জন্য উক্ত জমি জমা রক্ষা বেক্ষন ও হস্তান্তরের সুবিধার্থে বিগত ইংরাজী ১০.১২.১৯৯৪ তারিখে সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৪ নং বহির ২৩৫ নং জেনারেল পাওয়ার অফ এ্যাটর্নি নামা মূলে জগদ্দল নিবাসী সাধন রতন সান্যাল মহাশয়কে আমমোক্তার নিযুক্ত করিয়াছি এবং অত্র আমাদের বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে ও হইতেছে।

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24 Parganas.

16/10/95

এক্ষনে আমাদের নগদ টাকার বিশেষ আবশ্যক বশতঃ উক্ত ৫ কাঠা - ২ ছটাক ৩৫ বর্গফুট বাগান জমি জমা চিরতরে বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনারা উচিৎ মূল্য দিয়া খরিদ করিতে সম্মত হওয়ায় আমরা উক্ত জমি জমার বর্তমান বাজার দরাদর সর্বোচ্চ্য মূল্য - ১০০০০০ , এক লক্ষ টাকা পোন লইয়া আপনাদের নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ, বিক্রয় কোবালা লিখিয়া দিয়া এবং দখল দিয়া স্বীকার , অঙ্গীকার করিতেছি যে :-

আপনারা অদ্যকার তারিখ হইতে অত্র বিক্রিত জমি জমাতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান দখলে কায়েম দখলীকার হইয়া বর্তমান মালিক সরকারে নিজ নাম পত্তন করিয়া ধার্য্য খাজনাদি আদায় দিয়া পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ক্রমে স্থলাভিষিক্ত গনক্রমে দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তরাদির দ্বারা যথেচ্ছাক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন , তাহাতে আমরা বা আমাদের ভাবি ওয়ারিশান গনের অত্র জমি জমার প্রতি কোন প্রকার দাবি দাওয়া ওজরাপত্য থাকিল না , করিলেও তাহা অত্র কোবালার দ্বারা সর্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক ।

আরও প্রকাশ থাকে যে, অত্র বিক্রিত ভূমি আমরা ইতিপূর্বে অন্য কোন স্থানে কোন রকমের হস্তান্তর বা দায় সংযোগ করি নাই, কোন সরীক বা স্বত্ববান ব্যক্তি নাই, কোন দেনার দায়ে ক্রোক বা নিলাম হয় নাই, গভর্নমেন্ট ও কোন কোম্পানী কর্তৃক অধিকৃত বা ল্যান্ড এ্যাকুইজিশান হয় নাই । অপর কোন স্থানে বিক্রয়ের চুক্তি করি নাই, দেবত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে । উক্ত জমি জমা সম্পূর্ন নির্দায় নির্দোষ নির্গোল এবং আমাদের খাস দখল থাকাবস্থায় আপনাদের বিক্রয় করিলাম । যদি ভবিষ্যতে আমাদের কৃত কোন কার্য্যের দ্বারা আপনাদের অত্র খরিদা স্বত্ব দখলের কোন বিঘ্ন বা ক্ষতি হয় তাহা পূরন করিতে আমরা স্বায় ওয়ারিশান গনক্রমে বাধ্য থাকিলাম । যদি ভবিষ্যতে অত্র দলিলের কোন অংশে ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে আমরা বিনা পোন গ্রহনে আপনাদের খরচায় পুনরায় ভুল সংশোধন দলিলাদি রেজিষ্ট্রী করিয়া দিতে ওয়ারিশান গনক্রমে বাধ্য থাকিলাম ।

Addl. Dist. Sub-Registrar
Sonarpur S... ...rganas
16/10/95

অত্র সহ নকসায় যে কমন প্যাসেজ দেখান আছে উক্ত প্যাসেজের উপর ও তলদেশ দিয়া ইলেকট্রিক লাইন , জলের পাইপ ও চলমান যোগ্য যানবাহনাদি লইয়া অবাধে চলাচল করিতে পারিবেন ।

এই সকল সর্তে আমরাওয়ারিশান গনক্রমে সর্বদা বাধ্য থাকিয়া পোনের বাবদ সমুদয় টাকা নিম্নের জায়মত এককালিন বুঝিয়া পাইয়া সুস্থ শরীরে সরল - অন্তকরনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র নিঃস্বত্ব সাফ , বিক্রয় কোবালা লিখিয়া - দিলাম ।

ইতি তারিখ :- বাংলা ১৪০২ সনের ২৮শে আশ্বিন

ইংরাজী ১৯৯৫ সালের ১৩ই অক্টোবর

*************************************

তপশীলে বিক্রিত সম্পত্তির পরিচয় :-

জেলা দক্ষিন ২৪ পরগনা থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস - সোনারপুর পরগনা মেদনমল্ল বর্ত্তমান রাজপুর - সোনারপুর পৌরসভার অন্তর্গত - মৌজা - জগদ্দিল গ্রামে রায়ত দখলী স্বত্বের বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনার কালেকটার অধিনে এক জমা ভূক্ত ৬৪ শতক জমির বার্ষিক খাজনা ১৬ , টাকা জমার মধ্যে বিক্রিত ৫ কাঠা ২ ছটাক ৩৫ বর্গফুট জমির হারাহারী - বার্ষিক খাজনা ২.১৫ পয়সা জমা , জেঃ এলঃ নং - ৭১, রেঃসাঃনং - ২৩৩ , তৌজি নং - ৬৩, ৬৪ খতিয়ান নং - ৬০৬ ছয় শত ছয় ।

৩১৯০ তিন হাজার এক শত নব্বুই নং দাগে বাগান ৩৪ শতক জমির মধ্যে ১৭ ½ শতক তন্মধ্যে অত্র দলিল সামিল নকসায় লাল রং পরিবেষ্টিত ৫ পাঁচ কাঠা - ২ দুই ছটাক ৩৫ পঁয়ত্রিশ বর্গফুট জমি মাত্র বিক্রয় হইল । মূল্য - ১,০০,০০০ , এক লক্ষ টাকা মাত্র । বিক্রিত জমিতে ফল ও ফুলের চাষ হয় ।

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24-Parganas.
16/10/95

পনের টাকার জায় :-

অদ্য তারিখে নোটে নগদে প্রাপ্ত ১০০০০০ এক লক্ষ টাকা নগদ - এককালিন বুঝিয়া পাইলাম ॥

মুসাবিদাকারক :-

শ্রী রণদা প্রসাদ সাহা
লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক
লাইসেন্স নং - ১২।১২
সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস ॥

ইসাদি :-

Tapan Bhattacharya
Jagaddal
24 Pgs (S)

Sisir Kanti Saha.
35A, Deshapran Sashmal Road, Cal: 700033.

টাইপকারক :-

সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস ॥

Book No. I
Volume No. 91
Pages 161 to 167
Being No. 5920
For the year 1995


Addl. Dist. Sub-Registrar
[illegible] 24-Parganas

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24-Parganas.
17/10/95

PLAN SHOWING THE LAND AT MOUZA-
JAGADDAL . J.L. NO= 71. UNDER KHATIAN NO-
606 . PART OF R.S. DAG NO=3190 & 3190/3507.
P.S. SONARPUR . DIST- 24 PGS (S) .

SCALE - 25'=1" INCH .

SALE PLOT SHOWING THE RED BORDER.




REFERENCE.

| PLOT NO. | DAG NO. | AREA KA | AREA CH | AREA SFT |
|---|---|---|---|---|
| B | 3190 | 5 | 5 | 24 |
| " | 3190/3507 | 3 | - | - |
| TOTAL | | 8 | 5 | 24 |

Drawn By.

MOHAN KR. GHOSH

M. Ghosh

79 24.9.95

Addl. Dist. Sub-Registrar
Sonarpur South 24-Parganas.

Book No. I
Volume No. 91
Pages ... to 167
Being No. 5926
for the year 1995